

প্রাথমিক বিদ্যালয়ের সময়সূচী

গরম বাংলায় প্রাথমিক বিদ্যালয়গুলি কখন বসবে, অর্থাৎ দিনের কখন বিদ্যালয় শুরু হবে এবং শেষ হবে এ নিয়ে প্রশ্ন উঠেছে। স্বাধীনতার নিয়ম অনুসরণ করে এ বিদ্যালয়গুলি ১০টা থেকে ৪টা, আবার কোথাও ১১টা থেকে ৫টা বসছে।

তবে বিদ্যালয়ের সময় পুনর্নির্ধারণের প্রশ্নটি উত্থাপন করা হয়েছে ভিন্ন প্রেক্ষাপটে। অতীতে অজরকর ধরনের প্রাথমিক বিদ্যালয় ছিল না। অভিজ্ঞ শিক্ষক মহলের অভিমত হচ্ছে, এভাবে বিদ্যালয়ের সময় নির্ধারণ হওয়ায় পড়াশুনার ব্যাঘাত হচ্ছে। তাদের মতে, দেশের অধিকাংশ মানুষ গরমে থাকে। এদের মধ্যে অধিকাংশই আবার দারিদ্রসীমার নীচে বাস করে। এদের সন্তান-সন্ততিরাই বিদ্যালয়ে আসে। বেলা দশটায় পূর্বে এমন কিছু এদের পেটে পড়ে না যাতে বিকাল চারটা পর্যন্ত বিদ্যালয়ে বসে থাকা যায়। লক্ষ্য করলে দেখা যাবে বেলা ১২টা থেকে ১টার মধ্য এরা ছুটি চায়; বাড়ি যেতে চায় এবং বাড়ি গেলে অনেকেই শেষ পর্যন্ত ফিরে আসে না। প্রকৃতপক্ষে নিয়মিত পড়াশুনার ব্যাঘাত ঘটে।

প্রাথমিক বিদ্যালয়ের সময় নির্ধারণের প্রশ্নটি কিভাবে বিবেচিত হবে তা নিয়ে অনেক আলোচনা হবে। প্রশ্ন উঠবে, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলি ১০টা—৪টা বসতে পারলে প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে ব্যতিক্রম হবে কেন? এ প্রশ্ন মেনে নিলেও আমাদের ধারণা হচ্ছে গরীব মাপ-মাত্রের ছোট শিশুদের বিদ্যালয় যাওয়া-আসার সমস্যাটি নিঃসন্দেহ ভিন্ন। এবং ভিন্নভাবে বিবেচনার অবকাশ আদৌ নেই, তা বোধ হয় সত্য নয়। প্রয়োজন হলে এলাকা ভিত্তিতে এই বিদ্যালয়গুলির সময় নির্ধারণ করা যেতে পারে। কারণ দেশের সকল এলাকার পরিস্থিতি এক নয়। এ দায়িত্ব বিভিন্ন এলাকার কর্তৃপক্ষকে দেয়া যেতে পারে।